

ম্নাতকোত্তর অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বাংলা

কোর্স : পি জি - ১.৫২বি

বিষয় : পৌরাণিক ও লোকায়ত দেবভাবনা

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর লেখো।

৩×১০=৩০

১। সম্ভাব্য উৎস-সূত্রের কথা উল্লেখ করে আর্য ও অনার্য রুদ্র-শিবের উদ্ভব ও বিকাশ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

(অথবা)

২। মঙ্গলকাব্যে অনুপস্থিত থাকলেও শিবায়ন কাব্যধারায় কৃষক শিবের ভূমিকাটির কোনো বিশেষ সামাজিক তাৎপর্য আছে বলে কি তুমি মনে কর? রামেশ্বর ভট্টাচার্যের ‘শিবায়ন’ কাব্যের ‘চাষপালা’-য় কৃষক শিবের যে স্বরূপ প্রকাশ পেয়েছে তা সংক্ষেপে আলোচনা করো। ৩+৭=১০

৩। ভারতীয় বেদ, পুরাণসহ অন্যান্য শাস্ত্রে সর্প ও মনসা দেবীর প্রসঙ্গগুলি কীভাবে উঠে এসেছে দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো। ১০

BNG-1414

[Turn Over]

(২)

(অথবা)

৪। বিজয় গুপ্তের ‘পদ্মাপুরাণ’ কাব্যে মনসার স্বরূপের পরিচয় দাও। এই কাব্যে মনসার পূজা প্রচারে জাতিবর্ণগত প্রেক্ষিতটি কাব্যের আখ্যানে কীভাবে ধরা পড়েছে তার পরিচয় দাও। ৬+৪=১০

৫। কোনো কোনো সমালোচক মনে করেছেন যে বাংলার ধর্মঠাকুরের সঙ্গে যোগ রয়েছে পৌরাণিক সূর্য দেবতার। এই বিষয়ে তোমার বক্তব্যটি যুক্তিসহ জানাও। ১০

(অথবা)

৬। রূপরাম চক্রবর্তীর ‘ধর্মমঙ্গল’ কাব্যের বিভিন্ন পালায় ধর্মঠাকুরের যেসব নানা মাত্রিক স্বরূপের পরিচয় পাওয়া যায় দৃষ্টান্তসহ সেগুলি আলোচনা করো। ১০

৭। পঞ্চদশ শতাব্দী থেকে মঙ্গলকাব্যগুলি একটি বিশেষ গতানুগতিক রচনা-বৈশিষ্ট্যকে অবলম্বন করেছে। মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্য সেই বৈশিষ্ট্যকে অবলম্বন করেছে কি? প্রসঙ্গত কবির ‘আত্মবিবরণী’ অংশটি ব্যতিক্রমী ও গুরুত্বপূর্ণ কেন বুঝিয়ে দাও। ১০

(অথবা)

৮। মধ্যযুগের কবিদের কাছে যখন বাস্তবতার প্রশ্নটি মুখ্য ছিল না তখন অসাধারণ দক্ষতায় মুকুন্দ চক্রবর্তী ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে বহু বাস্তব প্রসঙ্গ তুলে আনলেন — আলোচনা করো। ১০

★ ★ ★

BNG-1414

XX24(113)—85